রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২৪, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/১৮ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও নং ৮৮-আইন/২০২৩।**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন ২৮ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও নং-৩৪৮-আইন/২০২২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের তফসিলে 'শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে' শিরোনামাধীন দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(গ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৭,০০০/- (সাত হাজার) টাকা প্রাপ্ত হইবেন।"।

২। এই প্রজ্ঞাপন ২৮ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফারজানা সুলতানা**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব),বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০